

# ‘বেস্ট ইউনিভার্সিটি’ নামে নতুন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রস্তাব

নিজস্ব প্রতিবেদক

২৭ নভেম্বর ২০২৩, ০৮:১৪ পিএম



প্রতীকী ছবি

শিক্ষা উদ্যোগের ধারাবাহিক সাফল্যের পর এবার উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের নতুন যাত্রা শুরু করতে চায় ইউনিক গ্রুপ। এ লক্ষ্যে ‘বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং, সায়েন্স অ্যান্ড টেকনোলজি (বিইএসটি) ইউনিভার্সিটি’ স্থাপনের উদ্যোগ নিয়েছে দেশের অন্যতম সেরা গ্রুপ অব কোম্পানিজ ‘ইউনিক গ্রুপ’।

‘বেস্ট অর নার্থিং’ স্লোগানের মাধ্যমে প্রতিষ্ঠিত ইউনিক গ্রুপ থেকে বিশ্বমানের উচ্চশিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের প্রস্তাব দিয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনে। ইতোমধ্যে ইউনিক গ্রুপ পরিচালিত ইউনিক প্রফেশনাল ডেভেলপমেন্ট একাডেমি ফর ট্রেনিং অ্যান্ড এডুকেশন (আপডেট) কলেজ, বোরাক পলিটেকনিক ইনস্টিটিউট এবং ইউনিক ভোকেশনাল ট্রেনিং সেন্টার দেশের শিক্ষা ও দক্ষ জনসম্পদ তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

উচ্চশিক্ষায় দক্ষ জনসম্পদ তৈরির জন্য রাজধানীর আশুলিয়ায় ২৮ বিঘা জমির ওপর ‘বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং, সায়েন্স অ্যান্ড টেকনোলজি (বিইএসটি) ইউনিভার্সিটি’ নির্মাণ করবে ইউনিক গ্রুপ। এই গ্রুপের অন্যসব প্রতিষ্ঠানের মতো একদিন এই বিশ্ববিদ্যালয় দেশ সেবা হিসেবে প্রতিষ্ঠিত হবে বলে উদ্যোক্তাদের প্রত্যাশা।

উল্লেখ্য, ইউনিক গ্রুপ বাংলাদেশে সর্বপ্রথম বেসরকারি খাতে পাঁচতারকা হোটেল ‘দি ওয়েস্টিন ঢাকা’ প্রতিষ্ঠা করে। হোটেলটি ইতোমধ্যে দেশের সেবা পাঁচতারকা হোটেল হিসেবে খ্যাতি অর্জন করেছে। এছাড়া ইউনিক গ্রুপ ‘দি শেরাটন ঢাকা’ নামে একটি পাঁচতারকা হোটেলও প্রতিষ্ঠা করেছে।

ইউনিক গ্রুপের আরেকটি প্রতিষ্ঠান- বোরাক রিয়েল এস্টেটের দৃষ্টিনন্দন ভবনসমূহ সবার দৃষ্টি কেড়ে নেয়। ইউনিক গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ নূর আলী দীর্ঘদিন ধরে সুনামের সঙ্গে মানবসম্পদ উন্নয়ন এবং রপ্তানিতে নেতৃত্ব দিচ্ছেন। তিনি যে ব্যবসার সঙ্গেই যুক্ত হন সেখানেই দেশসেবা হিসেবে প্রশংসা পেয়ে থাকেন।